শেরপুরে বিএনপির হামলায় জামায়াত সেক্রেটারি নিহত



সংগৃহীত ছবি

শেরপুরের ঝিনাইগাতীতে প্রার্থীদের নির্বাচনি ইশতেহার পাঠের অনুষ্ঠান হঠাৎই সহিংসতায় রূপ নেয়। বিএনপি ও জামায়াত সমর্থকদের মধ্যে সংঘর্ষে শ্রীবরদী উপজেলা জামায়াতের সেক্রেটারি রেজাউল করিম নিহত হয়েছেন। বুধবার (২৮ জানুয়ারি) রাত পৌনে ১০টার দিকে তার মৃত্যু হয়।

বিকেলে উপজেলা পরিষদ মাঠে প্রশাসনের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানে শুরুতে কথাকাটাকাটি হয়। পরে তা ধাওয়া-পাল্টা ধাওয়া ও সংঘর্ষে গড়ায়। প্রত্যক্ষদর্শীরা জানান, তুচ্ছ বিষয় নিয়ে দুই পক্ষের সমর্থকদের মধ্যে উত্তেজনা দ্রুত ছড়িয়ে পড়ে।

একপর্যায়ে চেয়ার, ইটপাটকেল নিক্ষেপ শুরু হলে পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে চলে যায়। মাঠজুড়ে আতঙ্ক ছড়িয়ে পড়ে এবং অনুষ্ঠান বন্ধ হয়ে যায়।

এ ঘটনায় অন্তত অর্ধশতাধিক মানুষ আহত হয়েছেন। আহতদের ঝিনাইগাতী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও শেরপুর জেলা সদর হাসপাতালের ২৫০ শয্যা ইউনিটে চিকিৎসা দেওয়া হচ্ছে।

LENS ASIA